# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
# রাজবাড়ী।

## ০৭ নং ওয়ার্ড কমিটির সভা

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ জহির রাজ,কাউন্সিলর ০৭ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। |
| স্থান | ঃ | পৌরসভা কার্যালয়,রাজবাড়ী। |
| তারিখ ও সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা, তারিখ ঃ ১১/০৯/২০২৩ খ্রিঃ। |

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে এবং অন্যান্য বিষয়ে খোলামেলা আলোচনা করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানিয়ে তার সুচনা বক্তব্য শেষ করেন।

<u>আলোচ্য সূচী ঃ</u>

১। ইউজিয়াপ সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিতকরণ।

২। পৌরকর ও নিজস্ব অন্যান্য আদায়ে সহযোগিতা প্রসংগে।

৩। ওয়ার্ডে বিভিন্ন সমস্যার উপর আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে।

৪। কোভিড-১৯ করোনা পরিস্থিতি প্রসঙ্গে।

৫। পৌরসভার বর্জ্য সুষ্ঠু ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা।

৬। বিবিধ।

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্য- বিবরণী পাঠ ও অনুমোদন | সভার শুরুতে কমিটির সদস্য সচিব, জনাব মুহাম্মদ আব্দুর রশীদ মৃধা,কর নির্ধারক উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | বিগত সভার কার্য-বিবরণী অনুমোদন করা হলো। | সদস্য সচিব |
| ২ | ইউজিয়াপ সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিত করণ | আলোচ্য সূচীর উপর সভায় উপস্থিত অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ তায়েব আলী,রাজবাড়া পৌরসভা তিনি জানান, ইউ জি আইআইপ প্রকল্পের শর্ত অনুযায়ী উন্নয়নমূলক কর্মকাণ্ড কিছু কিছু ওয়ার্ডে কাজ চলমান রয়েছে ভুলত্রুটি ও জটিলতা চোখে পড়লে তাৎক্ষিক ভাবে পৌর কতৃপর্ক্ষকে অবহিত করবেন।এলাকায় উন্নয়নমূলক কাজ করতে হলে পৌরসভার সকল পাওনাদি সময়মত পরিশোধ করতে হবে। ২৭/০৯/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে এককালিন পৌরকর পরিশোধ করলে ১০% রিবেট দেয়া হবে। রিবেটের সুযোগ গ্রহন করুন ও শহর উন্নয়নে অংশ নিন এবং ভাল কাজে সহযোগিতা করার জন্য সকল সদস্যদেকে অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | পৌরকর ও অন্যান্য আদায় বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | পৌরকর ও নিজস্ব অন্যান্য আদায়ের সহযোগিতা প্রসঙ্গে। | আলোচনা পর্বে অংশ গ্রহন করেন জনাব মুহাম্মদ আব্দুর রশীদ মৃধা, কর নির্ধারক, রাজবাড়ী পৌরসভা। তিনি অত্র ওয়ার্ড কমিটির সকল সম্মানিত সদস্যদের পৌরসভার উন্নয়নমুলক কাজে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।উন্নয়নমুলক কার্যক্রম করতে হলে ওয়ার্ডের সকল সদস্যদের পৌরকর ও অন্যান্য পাওনা নিয়মিত পরিশোধ করতে হবে। পৌরকর পরিশোধের ১০% রিবেটের সুযোগ চলছে এই ১০% রিবেটে আপনাদের বাড়ী ও দোকানের পৌরকর পরিশোধ করুন এবং অন্যকে রিবেটের সুযোগের কথা বলেন।সকলকে রিবেটে পৌরকর পরিশোধ করার জন্য অনুরোধ করে তার বক্তব্য সমাপ্ত করেন। | পরিস্কার,পরিচ্ছন্নতা রাস্তা,সংস্কার, সড়ক বাতি,পানির লাইন,ড্রেন, মশানিধন,কোভিড-১৯ও স্যানিটেশন সমস্যার ব্যাপারে পর্যায়ক্রমে সমাধানের সুপারিশ গৃহিত হয় | সদস্য সচিব |
| ৪ | ওয়ার্ডের বিভিন্ন সমস্যার উপর আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে। | (ক) আলোচনা পর্বে অংশ গ্রহন করেন জনাব মোঃ সাইফুল ইসলাম, (লিটন) সদস্য ০৭ নং ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা। তিনি সভায় উল্লেখ করেন যে,এই ওয়ার্ডের মধ্যে বিভিন্ন এলাকাতে অসমাপ্ত কাজ রয়েছে সেগুলি দ্রুত শেষ করার জন্য সভাপতিকে অনুরোধ করেন। এছাড়া পৌরসভার যাবতীয় পাওনা যেমন, পৌরকর, দোকান ভাড়া,খালি জায়গার ভাড়া ইত্যাদি যথাসময়ে পরিশোধ করার জন্য ওয়ার্ডের সকল সদস্যকে অনুরোধ করেন।এ ছাড়া ওয়ার্ডে রাস্তায় চলাচলের অনুযোগি হয়েছে। রাস্তাগুলি মেরামত করার জন্য মেয়র মহোদয়কে অনরোধ করন তার বক্তব্য শেষ করেন।<br>(খ) আলোচনা পর্বে অংশ গ্রহন করেন জনাব মোছাঃ শ্রাবণী আক্তার সদস্য, ০৭ ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা।তিনি সভায় বলেন বর্তমান ডেঙ্গুর প্রভাব বেশী মশা মারার ঔষধ ছিটানোর জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন।<br>(গ) আলোচনা পর্বে অংশ গ্রহন করেন জনাব মোছাঃ মাজেদা বেগম সদস্য ০৭ নং ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা। তিনি সভায় উল্লেখ করেন যে, আমাদের ওয়ার্ডে নতুন নতুন বসতি হচ্ছে তাদের বসবাসের সুধির জন্য নতুন এলাকায় রাস্তা করা এবং বিদ্যুতের ব্যবস্থা করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | পর্যায়ক্রমে যাবতীয় উন্নয়ন মূলক কাজ পৌর পরিষদের মাধ্যমে সমাধান করা হবে। | সদস্য |
| ৫ | বিবিধ | আলোচনা পর্বে অংশ গ্রহন করেন জনাব মোঃ রাশেদ আলী সরদার সদস্য ০৭ নং ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা। তিনি এই সভায় উল্লেখ করেন প্রায় খুটিতে বিদ্যুতের ভাল্ব থাকেনা বিদুৎতের ব্যবস্থা দ্রুত করার জন্য সভাপতিকে অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | বর্নিত সমস্যা গুলি জরুরী সমাধানের সুপারিশ গৃহিত হয় | সদস্য |

৬। পৌরসভার বর্জ্য সুষ্ঠু ব্যবস্থাপনার বিষয়ে আলোচনাঃ আলোচনা পর্বে অংশ গ্রহন করেন জনাব, মোঃ তালেব আলী ৭ নং ওয়াড কমিটি রাজবাড়ী পৌরসভা। তিনি বলেন মেয়র মহোদয় প্রত্যেক ওয়ার্ডে বজ্য ব্যবস্থাপনার বিষয়ে নতুন করে উদ্ধোগ গ্রহন করেছেন সেই জন্য তাকে আন্তরিকভাবে ধন্যবাদ দেই। এই ধরনরে নতুন নতুন উদ্ধোগ গ্রহন করলে পৌরবাসী উপকৃত হবে। তা ছাড়া বর্তমান জরুরিভাবে রাস্তা সংস্কার করা।

সহ-সভাপতি জনাব মোছাঃ মরিয়ম কাজী, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা।তিনি সকল সদস্যদের ছালাম ও ধন্যবাদ দেন। তিনি সভাকে জানান,ইউ জি আই আই পি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। আমরা এই প্রকল্প পেয়ে অনেক উপকৃত হয়েছি এবং পৌরবাসী ও ইহার সুফল ভোগ করেছেন।এ ধরোনের প্রকল্প আমরা আরাটি পেয়েছি তাদের সাথে পৌরসভার ডিড এগ্রিমেন্ট হয়েছে। আমরা এই প্রকল্পের সাথে নিরলস ভাবে কাজ করে যাচ্ছি। যত সম্বব তাড়াতাড়ী এই প্রকল্প হতে অর্থ পাব । অর্থ পেলেই আমরা রাস্তার কাজ আরাম্ভ করতে পারবো। সেই কারনে এই ওয়ার্ডের সকল সদস্যবৃন্দের পৌরসভার যাবতীয় পাওনা যেমন, পৌরকর, দোকান ভাড়াসহ সকল পাওনা সময়মত পরিশোধ করা এবং অন্যদেরও এ সকল পাওনাদি সময়মত পরিশোধ করার জন্য সকলকে উৎসাহিত করার জন্য সকল সদস্যদেরকে অনুরোধ করেন। এছাড়া ডেঙ্গুর প্রভাব বেশী সবাই সর্তক থাকবেন এবং পাত্রের মধ্য জমে থাকা পানি ফেলে দিবেন এবংবাড়ীর আশে পাশে জঙ্গল পরিষ্কার পরিচ্ছন রাখবেন। সভায় সকল সদস্যদের সহযোগিতা কামনা করে তার বক্তব্য শেষ করেন।

সভাপতি জনাব, মোঃ জহির রাজ কাউন্সিলর, ০৭ ওয়ার্ড ,রাজবাড়ী পৌরসভা, তিনি উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানান। তিনি বলেন, ওর্য়াডে বেশ কিছু নতুন পুরাতন রাস্তা করতে পেরেছি। আশা করি ভবিষতে ও এ ধরনের কাজ অব্যাহত থাকবে।সকলে মিলে মিশে এক সাথে কাজ করলে কোন কাজই পড়ে থাকবেনা। আমরা আশা করি সবাই আমাকে এবং আমাদের পরিষদকে সার্বিক সহযোগিতা করবেন।আমার ওয়ার্ডের লোকজন অত্যন্ত দরিদ্র ও অভাবি।তারপরও এই ওয়ার্ডের জন্য কাজ করা আমার দায়িত্ব। আমরা ইউ জি আই আই পি প্রকল্প সমাপ্ত করেছি। বর্তমান নতুন একটি প্রকল্পের  সাথে চুক্তিতে আবদ্ধ হয়েছি সেই প্রকল্পের অর্থ পেলে আমরা পৌরসভার সকল ওয়ার্ডের রাস্তা করতে সক্ষম হবো। যে সব ওয়াডে রাস্তা সংস্কার করা দরকার  সেগুলি মেয়র মহোদয়ের সাথে আলোচনা করে সমাধান করা হবে।উন্নয়নমূলক কার্যক্রম করতে হলে আমার ও আপনার বাড়ীঘর ও দোকানের পৌরকর , দোকানভাড়া, খালি জায়গার ভাড়া ইত্যাদি পাওনাদি নিয়মিত ভাবে পরিশোধ করে উন্নয়ন মুলক কাজে সহযোগিতা করার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করেন। এছাড়া মেয়র মহোদয় প্রত্যেক ওয়ার্ডে বর্জ্য রাখার জন্য ডাষ্টবিন  তৈরী  করে লোকজনের উপকার হয়েছে। ময়লা আবর্জনা যেখানে সেখানে না ফেলে নির্দিষ্ট স্থানে ফেলানোর জন্য সকলকে অনুরোধ করেন। ডেঙ্গু মশার উপদ্রব বেশী সে জন্য সকলকে সচেতন থাকতে হবে এবং পাত্রে জমে থাকা পানি এবং বাড়ীর আশে পাশে জঙ্গল পরিস্কার রাখতে হবে। সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে তার বক্তব্য শেষ করেন।

অতঃপর সকল সদস্যবৃন্দের ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ জহির রাজ
কাউন্সিলর ৭নং ওয়ার্ড
রাজবাড়ী পৌরসভা, রাজবাড়ী

(মোঃ জহির রাজ)
সভাপতি
০৭ নং ওয়ার্ড কমিটি
ও
কাউন্সিলর ০৭ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা।

বিতরণঃ

১। জনাব/জনাবা.......................................................................

...........................................................................রাজবাড়ী ও

সহ-সভাপতি/সদস্য/সদস্য সচিব,০৭ নং ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা।

অনুলিপিঃ

১। মেয়র মহোদয়ের একান্ত সহকারী, রাজবাড়ী পৌরসভা, মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য।

মোঃ জহির রাজ
কাউন্সিলর ৭নং ওয়ার্ড
রাজবাড়ী পৌরসভা, রাজবাড়ী

(মোঃ জহির রাজ)
সভাপতি
০৭ নং ওয়ার্ড কমিটি
ও
কাউন্সিলর ০৭ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়, রাজবাড়ী।

## ০৮নং ওয়ার্ড কমিটির সভা।

সভাপতি ঃ জনাব মোছাঃ মরিয়ম কাজী, কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা।

স্থান ঃ পৌরসভা কার্যালয়।

সময় ও তারিখ ঃ সকাল ১০.৩০ ঘটিকা, তাং- ১৩/০৯/২০২৩ ইং।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড এবং চলমান প্রকল্পের উন্নয়ন মূলক কাজ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

আলোচ্য সূচী ঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। ইউজিয়াপ সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিত করণ।
৩। পৌর কর, ও নিজস্ব অন্যান্য আদায়ের সহযোগিতা প্রসঙ্গে।
৪। পৌরসভার বর্জ্য সুষ্ঠু ব্যবস্থাপনা, ওয়ার্ডে বিভিন্ন সমস্যার উপর আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে।
৫। কোভিড-১৯/করোনা পরিস্থিতি প্রসঙ্গে।

৬। বিবিধ।

| ক্র: নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন। | কমিটির সদস্য সচিব জনাব নাজিমউদ্দিন মিয়া, টিকাদান সুপারভাইজার, উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যাবিবরণী পাঠ করে শুনান এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। | কার্যবিবরণী অনুমোদিত হল। | সদস্য সচিব |
| ২ | ইউজিয়াপ সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিত করণ। | আলোচ্য সূচীর উপর আলোচনায় অংশ গ্রহণ করেন কমিটির সদস্য সচিব জনাব নাজিমউদ্দিন মিয়া, টিকাদান সুপারভাইজার, রাজবাড়ী পৌরসভা। তিনি বলেন রাজবাড়ী পৌরসভায় বর্তমানে পয়ঃবর্জ্য পরিস্কার করার জন্য উইজিপ-৩ থেকে গাড়ি পাওয়া গেছে। সেই গাড়ি দিয়ে মানুসের বাসা বাড়ির পয়ঃবর্জ্য পৌরসভার নির্দিষ্ট স্থানে ফেলে দেয়া হচ্ছে। ফলে মানুষের দীর্ঘ দিনের চাহিদা পয়ঃবর্জ্য এক স্থান হতে অন্য স্থানে স্থানান্তর করা হচ্ছে। যার কারনে পরিবেশ দূষণ রোধ হচ্ছে। | UGIIP-III প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হল। | সদস্য সচিব |

| ক্র: নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৩ | পৌর কর, ও নিজস্ব অন্যান্য আদায়ের সহযোগিতা প্রসঙ্গে। | আলোচনা পর্বে অংশ গ্রহণ করেন জনাব মোঃ তায়েব আলী, পৌর নির্বাহী কর্মকর্তা, রাজবাড়ী পৌরসভা। তিনি বলেন যে, আমি পৌর নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছি। রাজবাড়ী পৌরসভায় সকল সম্মানিত ওয়ার্ড কমিটির সদস্যদের সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। তিনি পৌরকর ব্যাংকের মাধ্যমে পরিশোধ করার জন্য করদাতাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। এবং সকলকে পৌরসভার সার্বিক উন্নয়ন কাজের প্রতি সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | পৌর কর, ও নিজস্ব অন্যান্য আদায়ে সংশ্লিষ্ট সকলকে আরও বেশি তৎপর হওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো। | সচিব |
| ৪ | পৌরসভার বর্জ্য সুষ্ঠু ব্যবস্থাপনা, ওয়ার্ডে বিভিন্ন সমস্যার উপর আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে। | আলোচনা পর্বে অংশ গ্রহণ করে সেলিনা বেগম, সদস্য, তিনি বলেন রাজবাড়ী পৌরসভার ৮নং ওয়ার্ডে রাস্তার পাশে ড্রেন না থাকায় এলাকাবাসী ড্রেনের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে ফলে এলাকার বিভিন্ন জায়গায় পানি জমে রাস্তা চলাচলের অনুপযোগী হয়ে পড়ছে। তিনি ড্রেন নির্মাণ করার জন্য অনুরোধ জানান। তিনি আরো বলেন রাজবাড়ী পৌরসভায় বাসা বাড়ির পয়ঃবর্জ্য অপসারণ করার জন্য ইউজিপ-৩ থেকে গাড়ি দেয়া হয়েছে, সেই গাড়ি দিয়ে বাসা বাড়ির পয়ঃবর্জ্য নির্দিষ্ট স্থানে অপসারণ করা হচ্ছে। এটা মানুষের দীর্ঘ দিনের দাবী ছিল। তিনি পয়ঃবর্জ্য অপসারণ করার জন্য গাড়ি দেওয়ায় মেয়র মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।তিনি আর ও বলেন দূর্গাপুজা আসন্ন সে কারনে তিনি রাস্তাঘাট পরিস্কার পরিচ্ছন্ন এবং সারা শহর আলোর ব্যবসথা করার জন্য অনুরোধ করেন। তিনি সাম্প্রদায়িক সম্পৃতি বজায় রাখার জন্য মাননীয় মেয়র মহাদয়কে অনুরোধ করেন।<br>আলোচনা পর্বে অংশ গ্রহণ করে জনাব শিউলী আক্তার সদস্য, বলেন বিনোদপুর নিউ কোলনী বস্তি এলাকায় বিভিন্ন স্থানে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন করায় পৌর কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি বলেন এই কর্মসূচি জন সচেতনতা বৃদ্ধি করবে। তিনি আরো বলেন পর্যাপ্ত পরিমাণে ল্যাট্রিন স্থাপন করায় বস্তিবাসী অসুখ-বিসুখ এর হাত থেকে রক্ষা পাবে। তিনি আরো বলেন বস্তি এলাকায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা নাই। তিনি বস্তি এলাকায় আলোর ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। তিান আরো বলেন আমরা যে এলাকায় থাকি সে এলাকার নাম রেলওয়ে বস্তি, আমরা জানতে পারলাম আমাদেরকে রেলওয়ে কর্তৃপক্ষ উচ্ছেদ করবেন। মেয়র মহোদয়ের কাছে আমাদের আবেদন আমাদেরকে অনত্র পূনর্বাসন না করে যেন উচ্ছেদ অভিযান পরিচালনা করা না হয়। | পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের সুপারিশ করা হয়। | সদস্য সচিব |
| ৫ | কোভিড-১৯/করোনা | আলোচনা পর্বে অংশ গ্রহণ করে জনাব মোঃ মনজুরুল আলম, সদস্য, বলেন বর্তমানে করোনা নেই বল্লেই চলে। | প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহনের | সদস্য সচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| | পরিস্থিতি প্রসঙ্গে। | তাই স্বাস্থ্যবিধি মেনে চলার লক্ষ্যে নিয়মিত মাস্ক পরিধান করা ও ভ্যাকসিন নেয়ার অনুরোধ করেন। সেই সাথে ওয়ার্ডে নাগরিক সেবার কাজগুলো আরো সুচারু রুপে করার অনুরোধ রেখে তার বক্তব্য শেষ করেন। | জন্য পৌর পরিষদকে অনুরোধ করেন | |
| ৬ | বিবিধ। | **আলোচনা পর্বে অংশ গ্রহণ করে জনাব মোঃ আব্দুল লতিফ, সদস্য,** বলেন কলেজপাড়া ড্রেনের জন্য দীর্ঘদিন যাবৎ পৌর কর্তৃপক্ষকে বলা হলেও অদ্যবধি বিষয়টির সুরাহা হয়নি। তিনি দ্রুত কলেজপাড়ায় ড্রেন নির্মাণের জন্য অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পৌর পরিষদকে অনুরোধ করেন | সদস্য সচিব |

**সভাপতি জনাব মোছাঃ মরিয়ম কাজী** উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার জন্য সদস্যদের অনুরোধ করেন। তার ওয়ার্ডে রাস্তা, ড্রেন, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং সড়ক বাতি ও এডিস মশা নিধনের জন্য যথেষ্ট কাজ করে যাচ্ছি। প্রকল্প ও জনস্বার্থে যেখানে সেখানে ময়লা-আর্বজনা ফেলা যাবেনা। তিনি আরো বলেন ডেঙ্গু রোগের প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। তিনি ডাবের খোলা বা যে কোন স্থানে জমানো পানি তিন দিনের পূর্বেই ফেলে দেয়ার জন্য সকলকে অনুরোধ করেন। বর্তমানে করোনা পরিস্থিতি উন্নতি হচ্ছে। তিনি সচেতনতার সাথে শারীরিক দুরত্ব বজায় রাখা সহ স্বাস্থ্যবিধি যথাযথ ভাবে মেনে চলা এবং নিজ নিজ বাড়ির আঙ্গিনা পরিস্কার-পরিচ্ছন্ন রাখার অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। তিনি পৌরসভার উন্নয়নমূলক কাজে সকলের সহযোগীতা কামনা করেন। তিনি আরো বলেন নিউকোলনী বস্তি এলাকায় রেলওয়ে কর্তৃপক্ষ বস্তি উচ্ছেদের মৌখিক নির্দেশ প্রদান করেছেন। আমি মেয়র মহোদয়কে সবিনয় অনুরোধ করছি বস্তি এলাকায় গরিব মানুষের পূনর্বাসন না করে যেন উচ্ছেদ অভিযান না করা হয়। তিনি আরো বলেন রাজবাড়ী পৌরসভার জনসাধারণের দীর্ঘ দিনের দাবী বাসা বাড়ীর পয়ঃবর্জ্য গাড়ীর মাধ্যমে এক স্থান হতে অন্য স্থানে স্থানান্তর করা। বর্তমানে রাজবাড়ী পৌরসভায় পয়ঃবর্জ্য অপসারণের জন্য গাড়ী পাওয়া গেছে। তিনি গাড়ীর মাধ্যমে বাসা বাড়ীর পয়ঃবর্জ্য অপসারণ করার জন্য জনসাধারণের প্রতি আহবান জানান।তিনি আর ও বলেন আসন্ন দূর্গাপুজায় সাম্প্রদায়িক সম্পৃতি বজায় জন্য সকলকে অনুরোধ করেন।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মরিয়ম
(মোছাঃ মরিয়ম কাজী)
সভাপতি
০৮নং ওয়ার্ড কমিটি
রাজবাড়ী পৌরসভা।

বিতরণঃ
জনাব-----------------------------------
---------------------------------------
সহ সভাপতি/সদস্য/সদস্য সচিব
০৮ নং ওয়ার্ড কমিটি রাজবাড়ী পৌরসভা।
অনুলিপিঃ-
১। একান্ত সহকারী, রাজবাড়ী পৌরসভা। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য।

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
# রাজবাড়ী।

## ০৯ নং ওয়ার্ড কমিটির সভা

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ তৌহিদুল ইসলাম, কাউন্সিলর ০৯ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। |
| স্থান | ঃ | পৌরষবার কার্যলিয়ে ০৯ নং ওয়ার্ড কমিটি,রাজবাড়ী। |
| তারিখ ও সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা, তারিখ ঃ ১৭/০৯/২০২৩ খ্রিঃ। |

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমুলক কর্মকান্ড সম্পর্কে এবং অন্যান্য বিষয়ে খোলামেলা আলোচনা করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানিয়ে তার সুচনা বক্তব্য শেষ করেন।

**আলোচ্য সূচী ঃ**

১। ইউজিয়াপ সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিতকরণ।

২। পৌরকর ও নিজস্ব অন্যান্য আদায়ে সহযোগিতা প্রসংগে।

৩। ওয়ার্ডে বিভিন্ন সমস্যার উপর আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে।

৪। কোভিড-১৯ করোনা পরিস্থিতি প্রসঙ্গে।

৫। পৌরসভার বর্জ্য সুষ্ঠু ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা।

৫। বিবিধ।

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্য- বিবরণী পাঠ ও অনুমোদন | সভার শুরুতে কমিটির সদস্য সচিব, জনাব মোঃ সাইয়েদুল ইসলাম,আপান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | বিগত সভার কার্য- বিবরণী অনুমোদন করা হলো। | সদস্য সচিব |
| ২ | ইউজিয়াপ সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিত করণ | আলোচ্য সূচীর উপর সভায় উপস্থিত অত্র পৌরসভার পৌর নিবর্হী কর্মকর্তা জনাব মোঃ তায়েব আলী। তিনি জানান, ইউ, জি, আই, আই , পি এর উন্নয়নমূলক কর্মকান্ড চলমান রয়েছে। প্রকল্প হতে আরও অর্থ পেলে বিভিন্ন ওয়ার্ডে উন্নয়নমূলক কাজ করা হবে। সেহেতু ওয়ার্ডের সকল গ্রহক গনের তাদের বাড়ী ঘরের পৌরকর নিয়মিতভাবে পরিশোধ করতে হবে। এই কোয়াটারে অন্ততপক্ষে ৬০% আদায় করতেহবে। সেহেতু আদায়কারীদের লক্ষমাত্রা পৌছানোর জন্য সংশ্লিষ্ট আদায়কারীদের নির্দেশ দেয়া হয়। সেহেতু আদায়কারীদের মনযোগি হওয়ার জন্য নির্দেশ দেন। | পৌরকর ও অন্যান্য আদায় বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নিবর্হী কর্মকর্তা |

| ক্র: নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৩ | পৌরকর ও নিজস্ব অন্যান্য আদায়ের সহযোগিতা প্রসঙ্গে। | **আলোচনা পর্বে অংশ গ্রহন করেন জনাব, মোঃ সাইয়েদুল ইসলাম (আপান) সদস্য সচিব,রাজবাড়ী পৌরসভা।** তিনি বলেন পৌর এলাকায় উন্নয়ন করতে হলে বকেয়া পৌরকর,দোকান ভাড়া ও ট্রেড লাইসেন্স এর টাকা নিয়মিতভাবে পরিশোধ করতে হবে। সেহেতু এই কোয়াটারে কমপক্ষে ৬০% আদায় করার জন্য সহকারী কর আদায়কারীদের মনযোগ সহকারে কাজ করার জন্য বলা হলো। এছাড়া পৌরবাসীকে নিয়মিতভাবে পৌসভার সকল পাওনা পরিশোধ করে উন্নয়নমূলক কাজে নিজেকে অংশগ্রহন করার জন্য সকল সদস্যবৃন্দের আহবান জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | পরিস্কার,পরিচ্ছন্নতা রাস্তা,সংস্কার, সড়কবাতি,পানির লাইন,ড্রেন, মশানিধন,কোভিড-১৯ও স্যানিটেশন সমস্যার ব্যাপারে পর্যায়ক্রমে সমাধানের সুপারিশগৃহিত হয়। | সদস্য সচিব |
| ৪ | ওয়ার্ডের বিভিন্ন সমস্যার উপর আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে। | **(ক) আলোচনা পর্বে অংশ গ্রহন করেন জনাব মোঃ জিয়া উদ্দিন আহম্মেদ,সদস্য ০৯ নং ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা।** বক্তব্যের শুরুতেই তিনি এ সভায় মেয়র মহোদয়কে উপস্থিত পেয়ে তাকে আন্তরিক ধন্যবাদ দেন। তিনি বলেন ইতিমধ্যে লক্ষ্য করা যাচ্ছে পৌর এলাকার মধ্যে রাস্তার অবস্থা খুবই খারাপ । রাস্তা গুলি জরুরি ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন বলে মেয়র মহোদয়কে অনুরোধ করে তিনি সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।<br>**(খ) আলোচনা পর্বে অংশ গ্রহন করেন জনাব বিথী বেগম, সদস্য, ০৯ ওয়ার্ড কমিটি,রাজবাড়ী পৌরসভা।** তিনি সভায় বলেন বিদুৎতের সমস্যা ছিল কিছুটা হলেও সমাধান হয়েছে বলে সভাপতিকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।<br>(গ) আলোচনা পর্বে অংশ গ্রহন করেন জনাব পারভিন সুলতানা সদস্য ০৯ নং ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা। তিনি সভায় উল্লেখ করেন ডেঙ্গু নিয়ে দেশের মানুষ অশান্তিতে রয়েছে সেহেতু আমাদের ওয়ার্ডে মশা মারার ঔষধ দেওয়ার জন্য সভাপতিকে অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | পর্যায়ক্রমে যাবতীয় উন্নয়ন মূলক কাজ পৌর পরিষদের মাধ্যমে সমাধান করা হবে। | সদস্য |
| ৫ | বিবিধ | আলোচনা পর্বে অংশ গ্রহন জনাব মোঃ ইকবাল হোসেন,সদস্য ০৯ নং ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা। তিনি বলেন মেয়র মহোদয় কে ধন্যবাদ জানাই। তিনি প্রত্যেক ওর্য়াডে ময়লা আবজর্না ইত্যাদি রাখার জন্য মোড়ে, মোড়ে,ডাষ্টবিন তৈরী করে পৌরবাসীর উপকার করেছেন। ময়লা আর্বজনা নিদিষ্ট স্থানে ফেললে রোগ জীবানু থেকে মুক্ত থাকা যাবে। তবে নিয়মিত ভাবে ময়লা আবজনা গুলি অপসারন করতে হবে না করলে দুগন্ধ ছড়ালে রোগ জীবানু হওয়ার সম্ভবনা থাকে সেহেতু মেয়র মহোদয়ের নিকট আবেদন সময়মত ময়লা আবজন অপসারন করার জন্য মহোদয়েকে অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | বর্নিত সমস্যাগুলি জরুরী সমাধানের সুপারিশ গৃহিত হয় | সদস্য |

**সহ-সভাপতি জনাব, মিসেস মরিয়ম কাজী, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা।** তিনি সকল সদস্যদের ছালাম ও ধন্যবাদ দেন। তিনি সভাকে জানান, মেয়র মহোদয়ের আদেশ মতে প্রত্যেক ওয়ার্ডে পৌরবাসীর সুবিধার জন্য মোড়ে মোড়ে ময়লা আবর্জনা এক জায়গা রাখার জন্য ডাষ্টবিন তৈরী করেন। এই উদ্যোগ মেয়র মহোদয়ের প্রশংসিত। এই ধরনের নতুন নতুন উদ্যোগ গ্রহন করার জন্য মেয়র মহোদয়কে ধন্যবাদ দেন। এ ছাড়া এই ওয়ার্ডে রাস্তা সংস্কার নতুন রাস্তা করার চিন্তাভাবনা চলছে। এই প্রকল্পের পরবর্তীতে যাওয়ার জন্য নিরলস ভাবে কাজ করে যাচ্ছি। সেই কারনে এই ওয়ার্ডের সকল সদস্যবৃন্দের পৌরসভার যাবতীয় পাওনা যেমন, পৌরকর,দোকান ভাড়াসহ সকল পাওনা সময়মত পরিশোধ করা এবং অন্যদেরও এ সকল পাওনাদি সময়মত পরিশোধ করার জন্য সবাইকে উৎসাহিত করা। তিনি সকলের সহযোগিতা কামনা করে তার বক্তব্য শেষ করেন।

সভাপতি জনাব, মোঃ তৌহিদুল ইসলাম কাউন্সিলর, ০৯ ওয়ার্ড ,রাজবাড়ী পৌরসভা, তিনি উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানান।এই ওর্য়াডে বেশ কিছু রাস্তার অবস্থা ভাল না সেটা আমিও জানি মেয়র মহোদয়ও জানেন। কিন্তু টাকার অভাবে রাস্তাগুলি মেরামত করা সম্ভব হচ্ছে না । এ ছাড়া মশা নিধনের বিষয়ে মেয়র মহোদয়ের সাথে আলোচনা করে সমাধান করা হবে। এই ওয়ার্ডে ময়লা আবর্জনা যেখানে সেখানে না ফেলে নিদিষ্ট স্থানে ফেলানো জন্য মোড়ে মোড়ে ডাষ্টবিন তৈরী করেছি। ময়লা আর্বজনা নিদিষ্ট স্থানে ফেলানোর জন্য এলাকার সকল মানুষকে অনুরোধ করেন।সময়মত পৌরসভার যাবতীয় পাওনাদী পরিশোধ করা অতি জরুরি। সেহেতু এ বিষয়ে আপনাদের সকলের সহযোগিতার কামনা করছি। সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে তার বক্তব্য শেষ করেন।

অতঃপর,সকল সদস্যবৃন্দের ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৯/১৫

(মোঃ তৌহিদুল ইসলাম)
সভাপতি
০৯ নং ওয়ার্ড কমিটি
ও
কাউন্সিলর ০৯ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা।

বিতরণঃ

১। জনাব /বেগম...............................................................

.......................................................................রাজবাড়ী ও

সহ-সভাপতি/সদস্য/সদস্য সচিব,০৯ নং ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা।

অনুলিপিঃ

১। মেয়র মহোদয়ের একান্ত সহকারী, রাজবাড়ী পৌরসভা, মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য।